গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার,সুনামগঞ্জ ।

ঃ হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি -০১/২০২০

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দোয়ারাবাজার উপজেলাধীন নিম্ন বর্ণিত হাট বাজার সমূহ ১৪২৭ বঙ্গাব্দের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে ক্রয়েচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত শর্তে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.doarabazar.sunamganj.gov.bd পাওয়া যাবে।

১৪২৪ বঙ্গাব্দে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকাঃ

ক্রঃ নং	হাটবাজারের নাম	ইউনিয়নের নাম	কাঙ্খিত সরকারী মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য ।
১	আমবাড়ীবাজার	মান্নারগাঁও	২৫,৬৪,৮৮২/-	৫,৮০০/-	
২	কাটাখালীবাজার	মান্নারগাঁও	১৯,২৫৬/-	৫০০/-	
৩	শ্যামলবাজার	মান্নারগাঁও	২০,৫১২/-	৫০০/-	
৪	মঙ্গলপুরবাজার	পান্ডারগাঁও	৬,৫৯২/-	৫০০/-	
৫	শ্রীপুরবাজার	পান্ডারগাঁও	২,৫৪,১৯৮/-	১,২০০/-	
৬	বিয়ানীবাজার	দোহালিয়া	৩৯,৯৫০/-	৫০০/-	
৭	ভবানীপুরবাজার	দোহালিয়া	১৬,৫৫৭/-	৫০০/-	
৮	বঙ্গবন্ধুবাজার	দোহালিয়া	১৪,২৪০/-	৫০০/-	
৯	দোহালিয়াবাজার	দোহালিয়া	১২,০৬,৬৫০/-	৩,২০০/-	
১০	টেংরাবাজার	সুরমা	৩০,৯৪২/-	৫০০/-	
১১	মহব্বতপুরবাজার	সুরমা	৪১,৬৯৩/-	৫০০/-	
১২	লিয়াকতগঞ্জবাজার	লক্ষীপুর	১২,৩৫,৬০৭/-	৩,২০০/-	
১৩	এরুয়াখাইবাজার	লক্ষীপুর	১৭,৩১৯/-	৫০০/-	
১৪	বোগলাবাজার	বোগলা	৯,৮৫,৮৭০/-	২,৬০০/-	
১৫	আছিরনগর বাজার	বোগলা	৬,৩৬০/-	৫০০/-	
১৬	বাংলা বাজার	বাংলাবাজার	১৪,৮৯,৩০০/-	৩,৬০০/-	
১৭	হক নগর বাজার	বাংলাবাজার	৩,১৪০/-	৫০০/-	
১৮	কলাউড়া বাজার	বাংলাবাজার	৬,৪৯৪/-	৫০০/-	
১৯	নাছিমপুর বাজার	নরসিংপুর	৯,৬০,৫০০/-	২,৬০০/-	
২০	নরসিংপুর বাজার	নরসিংপুর	৩,১৬,৪১০/-	১,৪০০/-	
২১	চাইরগাঁও বাজার	নরসিংপুর	৪১,৮৭৭/-	৫০০/-	
২২	বালিউড়া বাজার	নরসিংপুর	১৫,১৪,০৩৩/-	৩,৮০০/-	
২৩	দোয়ারা বাজার	দোরারাবাজার সদর	৮৭,৪০০/-	৫০০/-	
২৪	টেবলাইবাজার	দোরারাবাজার সদর	১৩,৭৫৮/-	৫০০/-	

ইজারা সংক্রান্তদিন পঞ্জিকা ঃ

পর্যায়	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিসচলাকালীন সময় পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ০১.৩০ ঘটিকা পর্যন্ত)	দরপত্র খোলার তারিখ ও সময় (দুপুর ২.০০ ঘটিকা)	মন্তব্য ।
১ম পর্যায়	১০/০৩/২০২০ খ্রিঃ	১১/০৩/২০২০ খ্রিঃ	১১/০৩/২০২০ খ্রিঃ	
২য় পর্যায়	৩০/০৩/২০২০ খ্রিঃ	৩১/০৩/২০২০ খ্রিঃ	৩১/০৩/২০২০ খ্রিঃ	
৩য় পর্যায়	২০/০৪/২০২০ খ্রিঃ	২১/০৪/২০২০ খ্রিঃ	২১/০৪/২০২০ খ্রিঃ	
৪র্থ পর্যায়	২৯/০৪/২০২০ খ্রিঃ	৩০/০৪/২০২০ খ্রিঃ	৩০/০৪/২০২০ খ্রিঃ	
৫ম পর্যায়	১২/০৫/২০২০ খ্রিঃ	১৩/০৫/২০২০ খ্রিঃ	১৩/০৫/২০২০ খ্রিঃ	
৬ষ্ঠ পর্যায়	১৯/০৫/২০২০ খ্রিঃ	২০/০৫/২০২০ খ্রিঃ	২০/০৫/২০২০ খ্রিঃ	
৭ম পর্যায়	১৬/০৬/২০২০ খ্রিঃ	১৭/০৬/২০২০ খ্রিঃ	১৭/০৬/২০২০ খ্রিঃ	
৮ম পর্যায়	২৯/০৬/২০২০ খ্রিঃ	৩০/০৬/২০২০খ্রিঃ	৩০/০৬/২০২০খ্রিঃ	
৯ম পর্যায়	১৪/০৭/২০২০ খ্রিঃ	১৫/০৭/২০২০ খ্রিঃ	১৫/০৭/২০২০ খ্রিঃ	
১০ম পর্যায়	২৮/০৭/২০২০ খ্রিঃ	২৯/০৭/২০২০ খ্রিঃ	২৯/০৭/২০২০ খ্রিঃ	
১১তম পর্যায়	১৮/০৮/২০২০ খ্রিঃ	১৯/০৮/২০২০ খ্রিঃ	১৯/০৮/২০২০ খ্রিঃ	
১২তম পর্যায়	২৬/০৮/২০২০ খ্রিঃ	২৭/০৮/২০২০ খ্রিঃ	২৭/০৮/২০২০ খ্রিঃ	

১৪২৪ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তবলী

১। বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ১৪২৭ বাংলা সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট- বাজার ইজারা দেয়া হবে

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তপসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ,দোয়ারাবাজার,সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে । অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হবে । উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহিতা নিজ খরচে নিয়মিত হাট বাজার পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হবে । বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে ।

৩। ১,০০.০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত ইজারা মূল্যের জন্য ৫০০/- টাকা ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্দ্ধে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ইজারা মূল্যের জন্য ১,০০০/- টাকা এবং ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্দ্ধে প্রতি লক্ষ বা তার ভগ্নাশের জন্য ১,০০০/- টাকার সাথে অতিরিক্ত ২০০/- টাকা করিয়া দরপত্র দাখিল করিতে হইবে ।

৪। দরপত্র ফরম নিম্ন বর্ণিত অফিস / দপ্তর সমুহে পাওয়া যাবে ।
(ক) জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ ।(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার , সুনামগঞ্জ ।(গ) উপজেলা ভূমি অফিস , দোয়ারাবাজার, সুনামগঞ্জ। (ঘ) দোয়ারাবাজার থানা।(ঙ) সোনালী ব্যাংক, দোয়ারাবাজার শাখা, দোয়ারাবাজার,সুনামগঞ্জ ।

৫। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত সীলমোহরকৃত খামে নিম্ন বর্ণিত অফিস/ দপ্তর সমুহে টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে ।
(ক) জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ । (খ) পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ ।(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ । (ঘ) উপজেলা ভূমি অফিস, দোয়ারাবাজার, সুনামগঞ্জ ।

৬। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

৭। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং দাখিলকৃত দর যদি সংশ্লিষ্ট হাট- বাজারের সরকারী মূল্যের চেয়ে কম হয় তাহা হলে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহন করা হবে । ২য় পর্যায়ে দরপত্র আহবান করা সত্বেও যদি কাঙ্খিত সরকারি ইজারা মূল্য না পাওয়া যায় তবে কাঙ্খিত সরকারি মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা পঞ্জিকা অনুযায়ী ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে ।

৮। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট- বাজারের জন্য ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না । এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না ।

৯। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেখ করতে হইবে ।

১০। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে । বিনা রশিদে টোল আদায় করা যাবে না ।ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করিবেন ।

১১। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে ।

১২। ইজারাদার কোক্রমেই হাট- বাজার অন্য কারো নিকট সাবলীজ (উপ -পত্তন) দিতে পারবে না ।যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৩। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১৪। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চদর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১৫। ইজারাদারকে নিজ খরচে হাট - বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে ।

১৬। ইজাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৭। কোন প্রকার ঘষা মাজা, কাটা কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৮। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৯। হাট-বাজার ইজারার কোন টাকা বকেয়া থাকলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে ।

২০। চুক্তি পত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

২১। কোন হাট বাজারের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে এ হাটের উপর অত্র বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২২। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬/২/২০

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
ফোন-০৮৭২-৬৫৬০০৩
ইমেইল:unodoarabazar@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৪.০০২.২০-৫৯(১০০) তারিখ ঃ ১৬ ফেব্রুয়ারী, ২০২০খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-
১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়/ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)/(সার্বিক), সুনামগঞ্জ।
অনুলিপিঃ অবগতি ও বহুলপ্রচারের জন্য প্রেরিত ঃ-
৭। উপজেলা নির্বাহী অফিসার,(সকল)..., সুনামগঞ্জ।
৮। সহকারী কমিশনার (ভূমি),(সকল)..., সুনামগঞ্জ।
৯। উপজেলা .... কর্মকর্তা,(সকল)/,দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১০। অফিসার-ইন-চার্জ, দোয়ারাবাজার থানা,জেলা-সুনামগঞ্জ।
১১। চেয়ারম্যান... ইউপি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/ কৃষি ব্যাংক/অগ্রনী ব্যংক, দোয়ারাবাজার শাখা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৩। সাব-রেজিস্ট্রার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৪। পোষ্ট মাষ্টার, দোয়ারাবাজার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দোয়ারাবাজার সদর/লক্ষীপুর/মঙ্গলপুর, ইউনিয়ন ভূমি অফিস, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। স্থানীয় হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৬।জনাব.., ইজারাদার ....বাজার।
১৭। এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.doarabazar.sunamganj.gov.bd ।
২০। অফিস কপি।

১৬/২/২০
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার সুনামগঞ্জ।